# জীবন বীমা কর্পোরেশন

**প্রধান কার্যালয়**

২৪ মতিঝিল বা/এ, ঢাকা।

**জীবন বীমা কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ হান্নানুর রশিদ |
| সভার তারিখ ও সময় | : | ১০ মে, ২০২৩ খ্রিঃ (বুধবার), বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | : | জেনারেল ম্যানেজার-টিএ এর অফিস কক্ষ, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা-১০০০ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত তথ্য উপস্থাপন করার জন্য জনাব এ কে এম রেজাউল আহসান, বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি এবং ম্যানেজার টিএ ডিভিশন-কে অনুরোধ জ্ঞাপন করেন।

**আলোচনা:**

কমিটির সদস্য সচিব ও বিকল্প ফোকাল পয়েট কর্মকর্তা জনাব এ কে এম রেজাউল আহসান সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্য উপস্থাপনসহ তার বক্তব্য প্রদান করেন। তিনি গত ২১ মার্চ, ২০২৩ তারিখে অনুষ্ঠিত ৩য় সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন ও অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

০১. **আলোচ্য সূচি ০১:** গত ২১ মার্চ, ২০২৩ তারিখে অনুষ্ঠিত ৩য় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

(ক) ৩য় সভার ১ম সিদ্ধান্ত ছিল 'মন্ত্রিপরিষদ বিভাগ-এর পত্র স্মারক নং-০৪.০০.০০০০.৮১১.২৯.০৮৪.২২.৩১; তারিখ: ২৩.০২.২০২৩-এ সংযুক্ত তালিকানুযায়ী বর্ণিত ত্রুটিসমূহ সংশোধন, পরিবর্তন ও পরিমার্জনকৃত এবং অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের পরামর্শ অনুযায়ী জীবন বীমা কর্পোরেশনের হালনাগাদকরণকৃত সিটিজেনস্ চার্টার ৩০ মার্চ, ২০২৩ তারিখ অফিস সময়ের মধ্যে অত্যাবশ্যকভাবে কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করতে হবে'। সভায় অবহিত করা হয় যে, জীবন বীমা কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) মন্ত্রিপরিষদ বিভাগের তালিকায় বর্ণিত ত্রুটিসমূহ সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন করা হয়েছে এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের দেয়া পরামর্শ অনুযায়ী হালনাগাদ করা হয়েছে। হালনাগাদকৃত উক্ত সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) গত ৩০ মার্চ, ২০২৩ তারিখে কর্পোরেশনের ওয়েবসাইটে পিডিএফ ও ওয়ার্ড আকারে আপলোড করা হয়েছে।

(খ) গত সভায় ২নং সিদ্ধান্ত ছিল, 'সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়নে মনিটরিং কার্যক্রমে কমিটির প্রতিটি সদস্য আরও তৎপরতা বৃদ্ধি করতে এ বিষয়ে কমিটি মনিটরিং অব্যাহত রেখেছে বলে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন এবং মনিটরিং কার্যক্রমে কমিটির প্রতিটি সদস্য আরও তৎপরতা বৃদ্ধি করবে মর্মে সকল সদস্য একমত হন।

(২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য)

(গ) ৩য় সভায় গৃহীত ৩নং সিদ্ধান্ত ছিল 'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থ বছরে প্রতিশ্রুতি অনুযায়ী মে, ২০২৩ মাসের ২য় সপ্তাহের মধ্যে ৪র্থ সভা আয়োজন করতে হবে'। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে প্রতিশ্রুতি অনুযায়ী ৪ (চার) টি সভার মধ্যে অদ্যকার ৪র্থ সভাসহ ২০২২-২০২৩ অর্থ বছরে সর্বমোট ৪টি সভা আয়োজন করা হয়েছে।

(ঘ) ৩য় সভায় গৃহীত ৪নং সিদ্ধান্ত অনুযায়ী সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২য় অবহিতকরণ সভা আগামী ২৩ মে, ২০২৩ তারিখে আয়োজন করার বিষয়ে কমিটির সভাপতিসহ অন্যান্য সদস্যগণ মত ব্যক্ত করেছেন।

০২. আলোচ্য সূচি ০২: গত ৩০ মার্চ, ২০২৩ কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোডকৃত সিটিজেনস্ চার্টার পর্যালোচনা।

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের পরামর্শ মোতাবেক জীবন বীমা কর্পোরেশনের ওয়েবসাইটে সর্বশেষ গত ৩০ মার্চ, ২০২৩ তারিখে আপলোডকৃত সিটিজেনস্ চার্টারটি কমিটির সদস্যবৃন্দ কর্তৃক পর্যালোচনা করা হয়। পর্যালোচনা মোতাবেক প্রাপ্ত কয়েকটি স্থানে সংশোধন করার জন্য উপস্থিত সদস্যবৃন্দ অনুরোধ জানিয়েছেন।

(ক) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভাপতি জনাব মোঃ হান্নানুর রশিদ, জিএম-টিএ তার প্রদত্ত বক্তব্যে বলেন যে, ৩০ মার্চ, ২০২৩ তারিখে সিটিজেনস্ চার্টারটি আপলোড করার পর কয়েকজন ডিভিশন প্রধানসহ বিভিন্ন দপ্তরে বদলী ও পদোন্নতি হওয়ায় সে মোতাবেক সিটিজেনস্ চার্টারেও পরিবর্তন/ সংশোধন আনতে হবে। এছাড়া স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২য় অবহিতকরণ সভা যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে তিনি মত ব্যক্ত করেন।

(খ) কমিটির সদস্য এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ফারুক হোসেন, এজিএম-টিএ তাঁর প্রদত্ত বক্তব্যে বলেন আগামী ২৩ মে, ২০২৩ তারিখে প্রস্তাবিত সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২য় অবহিতকরণ সভা করতে হবে। গত ০৭ মে, ২০২৩ তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব বদরে মুনির ফেরদৌস-এর সভাপতিত্বে জুম প্লাটফর্মে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত ২য় অবহিতকরণ সভার আলোচনার প্রসঙ্গ উল্লেখ করে তিনি আরো বলেন, জীবন বীমা কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের অগ্রগতি যথাযথভাবে পরিবীক্ষণ করার বিষয়টি কর্পোরেশনের প্রশাসন বিভাগকে অবহিত করতে হবে।

(গ) কমিটির সদস্য সচিব এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব এ কে এম রেজাউল আহসান বলেন, আগামী ২২ মে, ২০২৩ তারিখে প্রস্তাবিত সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২য় অবহিতকরণ সভা সমাপ্তির পর ওয়েবসাইটে সংশোধিত সিটিজেনস্ চার্টার আপলোড করা যেতে পারে হবে এবং ২০২২-২০২৩ অর্থ বছরের শেষ প্রান্তিক অর্থাৎ জুন, ২০২৩-এর পূর্বেই উক্ত আপলোড সম্পন্ন করতে হবে।

০৩. **গৃহীত সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(১) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থ বছরে প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২য় অবহিতকরণ সভা আগামী ২৩ মে, ২০২৩ তারিখে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য)

(২) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব বদরে মুনির ফেরদৌস-এর সভাপতিত্বে জুম প্লাটফর্ম-এ গত ০৭ মে, ২০২৩ তারিখে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত ২য় অবহিতকরণ সভার নির্দেশ/সিদ্ধান্ত অনুসরণ করে জীবন বীমা কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের অগ্রগতি যথাযথভাবে পরিবীক্ষণ করার বিষয়টি প্রশাসন বিভাগকে অবহিত করতে হবে।

(৩) কর্পোরেশনের সিটিজেনস্ চার্টার সংশোধন ও হালনাগাদ করে ত্রৈমাসিক ভিত্তিতে (৩০ জুন, ২০২৩ তারিখ অফিস সময়ের মধ্যে বা তৎপূর্বে) অত্যাবশ্যকভাবে কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করতে হবে। এক্ষেত্রে কর্পোরেশনের প্রধান কার্যলয়ের স্টেকহোল্ডারগণের সমন্বয়ে আগামী ২৩ মে, ২০২৩ তারিখে অনুষ্ঠেয় ২য় অবহিতকরণ সভায় উপস্থিত ব্যক্তিবর্গের প্রদত্ত পরামর্শ ও মতামতের প্রতিফলন অন্তর্ভুক্ত করতে হবে।

(৪) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩-এর বিষয়ে মন্ত্রণালয় তথা আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখাসহ তাদের চাহিদাকৃত কাগজপত্রাদি যথাসময়ে সরবরাহ নিশ্চিত করতে হবে।

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ কামরুল হাছান)
ম্যানেজার -উন্নয়ন পরিসংখ্যান ও সদস্য
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা
বাস্তবায়ন কমিটি।

(এ কে এম রেজাউল আহসান)
ম্যানেজার-টিএ, বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
এবং সদস্য সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি
কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।

(রাশিদুর রেজা ফারুক)
ম্যানেজার -সংস্থাপন ও সদস্য, সেবা প্রদান
প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি
প্রধান কার্যালয়, ঢাকা।

(মোঃ ফারুক হোসেন)
সহকারী জেনারেল ম্যানেজার টিএ
ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সেবা প্রদান
প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি,
প্রধান কার্যালয়, ঢাকা।

(মোঃ আব্দুর রহিম মিয়া)
ডেপুটি জেনারেল ম্যানেজার (অতিঃ দায়িত্ব)
গোষ্ঠী বীমা এবং সদস্য
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন
কমিটি, প্রধান কার্যালয়, ঢাকা।

(মোঃ হান্নানুর রশিদ)
জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)-উন্নয়ন ও
টিএ ডিভিশন (অতিঃ দায়িত্ব) এবং
আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা
বাস্তবায়ন কমিটি।

পরিশিষ্ট - ক

# জীবন বীমা কর্পোরেশন

## প্রধান কার্যালয়

২৪ মতিঝিল বা/এ, ঢাকা।

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ১০/০৫/২০২৩ তারিখে অনুষ্ঠিত ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা ও স্বাক্ষর:

| ক্রমিক | কর্মকর্তারনাম, পদবী ও কর্মস্থল/দপ্তর | মোবাইল ও ইমেইল নম্বর | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১. | মোঃ হান্নানুর রশিদ<br>জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)<br>টেকনিক্যাল এ্যাফেয়ার্স ডিভিশন ও আহ্বায়ক<br>সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি | 01715726300<br>hannanjchnjbc@gmail.com | 10/5/23 |
| ২. | মোঃ আব্দুর রহিম মিয়া<br>ডেপুটি জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত) গ্রুপ ডিভিশন ও সদস্য<br>সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি | 01727666754<br>mrahimjbc65@gmail.com | 10/5/23 |
| ৩. | মোঃ ফারুক হোসেন<br>সহকারী জেনারেল ম্যানেজার- টিএ ডিভিশন ও সদস্য এবং ফোকাস পয়েন্ট কর্মকর্তা<br>সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি | 01912236160<br>faruqnejbc@gmail.com | 10/5/23 |
| ৪. | রাশিদুর রেজা ফারুক<br>ম্যানেজার-সংস্থাপন বিভাগ ও সদস্য<br>সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি | 01711728902<br>rrfsecjbc@gmail.com | 10/05/2023 |
| ৫. | মোঃ কামরুল হাসান<br>ম্যানেজার- উন্নয়ন পরিসংখ্যান বিভাগ ও সদস্য<br>সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি | 01716538596<br>kamrul.jbcdiv@gmail.com | 10/05/23 |
| ৬. | এ কে এম রেজাউল আহসান<br>ম্যানেজার-টিএ ডিভিশন<br>ও সদস্য সচিব এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি | Cell No. 01817606323<br>rahsan.66.jbc@gmail.com | 10.05.2023 |

# জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয় ঃ ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোন ঃ ০২-২২৩৩৮৫৭২০, পিএবিএক্স : ০২-২২৩৩৮১৪২৩, ০২-২২৩৩৮৩৮৮৭, ০২-২২৩৩৮২০৪৭, ০২-২২৩৩৮২০৪৯, ফ্যাক্স : ০২-২২৩৩৮১৮২৫
পোস্ট বক্স নং-৩৪৫, ৬২৫, জি.পি.ও. ঢাকা, ই-মেইল : info@jbc.gov.bd, ওয়েব সাইট : www.jbc.gov.bd

স্মারক নং: ৫৩.১৯.৯০০১.৫০৪.০৬.০০২.২৩.১৫

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ, ১৪৩০ / ১৭ মে, ২০২৩

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে জীবন বীমা কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদসাথে প্রেরণ করা হলো।

১৭.০৫.২০২৩

(এ কে এম রেজাউল আহসান)
ম্যানেজার-টিএ
এবং
সদস্য সচিব ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।
ফোন: ০২-৫৭১৬৫৬৭২
ইমেইল: rahsan.66.jbc@gmil.com

জনাব মোঃ গোলাম মোস্তফা
উপসচিব ও সদস্য সচিব
সিটিজেনস্ চার্টার কমিটি
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সংযুক্ত: বর্ণনানুযায়ী।

বিতরণ: সদয় জ্ঞাতার্থে
০১. জেনারেল ম্যানেজার (সকল)
০২. কমিটির সদস্য (সকল)
০৩. ডেপুটি জেনারেল ম্যানেজার (চঃ দাঃ), আইসিটি ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশ/আপলোডের সদয় অনুরোধসহ)।
০৪. পিএস টু এমডি ও ডেপুটি ম্যানেজার, ম্যানেজিং ডাইরেক্টরের দপ্তর (এমডি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫. অফিস কপি।